

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নথি নং-৪৫.০০.০০০০.১৫৫.১৬.০০১.১৮-৯২৭

তারিখঃ ২৭-০৯-২০১৮ ইং

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে তথ্য প্রেরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে গত ৪ জুলাই ২০১৮ তারিখে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ সচিব এর মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তির ২.৮.১, ২.৮.২ এবং ২.১০.১ নং ক্রমিকের নিম্নোক্ত কার্যক্রমসমূহের বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'লঃ

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	করণীয় বিষয়
১	২	৩	৪
১	{২.৮} জেলা ও উপজেলা সদর হাসপাতালের কার্যক্রম মনিটরিং	{২.৮.১} জেলা সদর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত {২.৮.২} উপজেলা সদর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত	জেলা সদর হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত তথ্য (কার্যবিবরণীর অনুলিপি সহ) প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। উপজেলা সদর হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত তথ্য (কার্যবিবরণীর অনুলিপি সহ) প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
২	{২.১০} উপজেলা রোগী কল্যাণ সমিতির কার্যক্রম মনিটরিং	{২.১০.১} উপজেলা রোগী কল্যাণ সমিতির সভা অনুষ্ঠিত	উপজেলা রোগী কল্যাণ সমিতির সভা অনুষ্ঠান সংক্রান্ত তথ্য (কার্যবিবরণীর অনুলিপি সহ) প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

(রেহানা ইয়াছমিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

১। তত্ত্বাবধায়ক, জেলা সদর/জেনারেল হাসপাতাল (সকল)-----।

২। সিভিল সার্জন (সকল)-----।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে**

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে মেইল যোগে সকল তত্ত্বাবধায়ক এবং সিভিল সার্জনগণকে প্রেরণের অনুরোধসহ)।